

Subject : Bengali Grammar

Date : 25.04.2020

Topic : সর্বনাম পদ, বিশেষণ পদ

১) একটি বাক্যে উত্তর দাও।

ক) সর্বনাম পদ কাকে বলে? উদাহরণ দাও।

খ) বিশেষণ পদ কাকে বলে? উদাহরণ দাও।

২) ছকে দেওয়া সর্বনাম পদগুলি দিয়ে শূন্যস্থান পূরণ কর।

আমি, এটা, তুমি, সে, কেউ

ক) _____ কি করছ?

খ) গতকাল _____ আমাদের বাড়ীতে এসেছিল।

গ) _____ কার বই?

ঘ) _____ বাবার সাথে দাবা খেলি।

ঙ) মিথ্যাবাদীকে _____ বিশ্বাস করে না।

৩) নীচের বাক্যগুলিতে বিশেষণ পদের নীচে দাগ দাও।

ক) মৌ ভালো মেয়ে।

খ) কালো মেঘে বৃষ্টি হয়।

গ) আমার ভাই সুন্দর ছবি আঁকে।

ঘ) কচ্ছপ ধীরে চলে।

ঙ) গাছে তিনটি পাখি বসে আছে।

৪) সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখ।

ক) নীল আকাশ। 'নীল' পদটি হল — সর্বনাম / বিশেষণ / বিশেষ্য।

খ) কোন্টি সর্বনাম পদ? তিনি / কিন্তু / উঁচু।

গ) বিশেষ্য পদের পরিবর্তে বসে — বিশেষণ পদ / সর্বনাম পদ / ক্রিয়া পদ।

৫) কোন্টি কি পদ লেখ।

ক) দুরন্ত —

খ) যার —

গ) হলুদ —

ঘ) তারা —

ঙ) হিংস্র —